



বিশ্বকাপ ড্র ঘোষণা: কঠিন চ্যালেঞ্জে আর্জেন্টিনা, ভারসাম্যপূর্ণ গ্রুপে ব্রাজিল-স্পেন



সংগৃহীত ছবি

২০২৬ ফিফা ফুটবল বিশ্বকাপের গ্রুপ ড্র ওয়াশিংটন ডিসির জন এফ. কেনেডি সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টসে অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৫ ডিসেম্বর) আয়োজিত এই ড্রয়ে ৪টি করে দল নিয়ে গঠিত হয়েছে মোট ১২টি গ্রুপ। আগামী ১১ জুন পর্দা উঠবে বিশ্ব ফুটবলের ২৩তম আসরের।

বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা জায়গা পেয়েছে জি গ্রুপে, যেখানে তাদের প্রতিপক্ষ অস্ট্রিয়া, আলজেরিয়া ও জর্ডান। ড্র নিয়ে প্রতিক্রিয়ায় আর্জেন্টিনা কোচ লিওনেল স্কালোনি বলেন, অস্ট্রিয়া বাছাইপর্বে দুর্দান্ত খেলেছে, আলজেরিয়া দারুণ প্রতিদ্বন্দ্বী এবং জর্ডান সম্পর্কে খুব বেশি ধারণা না থাকলেও বিশ্বকাপে সহজ প্রতিপক্ষ বলে কিছু নেই।

ব্রাজিল রয়েছে সি গ্রুপে। পাঁচবারের চ্যাম্পিয়নদের সঙ্গী হিসেবে আছে মরক্কো, স্কটল্যান্ড ও হাইতি। ব্রাজিল কোচ কার্লো অ্যানচেলোত্তি জানান, ড্র যেমনই হোক, প্রতিটি ম্যাচই কঠিন। দলের লক্ষ্য গ্রুপের শীর্ষে থেকে নকআউট পর্বে ওঠা।

অন্যদিকে বিশ্বকাপের অন্যতম দাবিদার স্পেন পড়েছে এইচ গ্রুপে। তাদের গ্রুপ সঙ্গী কেপ ভার্দে, সৌদি আরব ও উরুগুয়ে—যা সমান প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এক গ্রুপ হিসেবে বিবেচিত হচ্ছে।

২০২৬ বিশ্বকাপের ড্রয়ে বেশ কয়েকটি গ্রুপেই জমজমাট লড়াইয়ের আভাস মিলেছে, যা টুর্নামেন্ট গুরুত্বপূর্ণ আবেগে বিশ্বজুড়ে ফুটবলপ্রেমীদের মধ্যে উত্তাপ বাড়িয়ে তুলেছে।